Sandrena®

(এস্ট্রাডিওল হেমিহাইড্রেট)

# স্যানড্রেনা ® জেল কীভাবে প্রয়োগ করবেন

- ডোজের বিষয়ে সবসময় আপনার স্বাস্থ্যসেবা পেশাজীবীদের নির্দেশাবলী অনুসরণ করুন এবং আরো তথ্যের জন্য রোগীর তথ্যের লিফলেট পড়ুন
- জেলটি কক্ষ তাপমাত্রায় (25 ডিগ্রি সেলসিয়াসের নিচে) সংরক্ষণ করুন।



প্যাকেটটি ছিঁড়ে খুলুন।



আপনার শরীরের নিচের অংশ বা উরুর শুষ্ক, পরিষ্কার ত্বকে জেলটি লাগান। প্রয়োগের স্থানটি হাতের আকারের 1-2 গুণ হতে হবে। প্রতিদিন আপনার শরীরের ভিন্ন ভিন্ন অংশে জেলটি লাগান। জেলটি শুধুমাত্র ট্রান্সডার্মাল (ত্বকে প্রয়োগ) ব্যবহারের জন্য।




জেল লাগানোর পর কয়েক মিনিট শুকাতে দিন। প্রয়োগের স্থান 1 ঘন্টার মধ্যে ধোয়া যাবে না।



স্যানড্রেনা® জেল কেবল আপনার শরীরের নিচের অংশে বা উরুতে প্রয়োগ করতে হবে। জেল স্তন, যৌনাঙ্গ, মুখ বা জ্বালাপোড়া করা ত্বকে প্রয়োগ করা যাবে না। জেল চোখের সংস্পর্শে আসতে দেবেন না।



প্রয়োগের পর হাত ধুয়ে নিতে হবে।



অন্যান্য মানুষ বা পোষা প্রাণীর সাথে প্রয়োগের স্থান ত্বকের সাথে ত্বকের সংস্পর্শ এড়িয়ে চলুন। যদি অন্যদের সাথে ত্বকের সংস্পর্শেরসম্ভাবনা থাকে, তাহলে জেল শুকোনোর পরে প্রয়োগের স্থান হয় পোশাক দিয়ে ঢেকে দিন অথবাসম্ভাব্য ত্বকের সংস্পর্শের আগে গোসল করুন।

**যদি আপনার কোনো পার্শ্বপ্রতিক্রিয়া হয়, তাহলে আপনার ডাক্তার, ফার্মাসিস্ট বা নার্সের সাথে কথা বলুন। এর মধ্যে প্যাকেজ লিফলেটে তালিকাভুক্ত নয় এমন যেকোনো সম্ভাব্য পার্শ্বপ্রতিক্রিয়া থাকতে পারে। আপনি সরাসরি পার্শ্ব প্রতিক্রিয়া রিপোর্ট করতে পারেন ইয়েলো কার্ড স্কিম www.mhra.gov.uk/yellowcard- ঠিকানায়**
**পার্শ্বপ্রতিক্রিয়া রিপোর্ট করে আপনি এই ওষুধের নিরাপত্তা সম্পর্কে আরো তথ্য প্রদান করতে সাহায্য করতে পারেন।**

ATC 2025
Association of Translation Companies
Certified Translation produced by
Giraffe Translations
Member No.
2025ATCAC1293

মার্চ 2025/HRT- 11(2)d

ORION PHARMA
Orion Pharma (UK) Ltd, Abbey Gardens, 4 Abbey Street, Reading, RG1 3BA, UK